

“সুখম সার ব্যবহারে ফলন বাড়ে অধিক হারে”

## সুখম সার ব্যবহারে কৃষক ভাইদের প্রতি পরামর্শ

- সারা বছর একই জমিতে অধিক-ফলনশীল শস্যের চাষাবাদের কারণে মাটির উর্বরতা ধীরে ধীরে ক্ষয়ে যাচ্ছে। তাই মাটির উর্বরতা শক্তি সংরক্ষণ করে অধিক ফসল ফলানোর জন্য জমিতে সুখম সার ব্যবহার করা প্রয়োজন ;
- মাটি এবং ফসলের চাহিদামত ইউরিয়া সারের পাশাপাশি অ-ইউরিয়া সার যেমন-ডিএপি, এমওপি এবং প্রয়োজনমত জৈবসার/সবুজসার ব্যবহার করা প্রয়োজন;
- ডিএপি একটি বিশেষ গুণগতমান সম্পন্ন সার। ডিএপি সারে এ্যামোনিয়া ও ফসফেট থাকায় এ সারে ইউরিয়া ও টিএসপি দুটি সারের গুণাগুণ বিদ্যমান;
- ডিএপি ব্যবহার করলে টিএসপি ব্যবহার করার প্রয়োজন হয় না এবং ইউরিয়া কম ব্যবহার করলেই চলে;
- প্রতি বস্তা (৫০ কেজি) ডিএপি সারে ২০ কেজি ইউরিয়া এবং ৫০ কেজি টিএসপি সারের সমপরিমাণ পুষ্টি উপাদান বিদ্যমান;
- ডিএপি ও এমওপি সার ব্যবহার করলে ফসলের দানা পুষ্ট হয়, ফসলের রোগ-বালাই প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়, খরা ও শীত সহনশীলতা বাড়ে, ফসলের গুণগতমান ও সংরক্ষণ ক্ষমতা বাড়ে এবং ফলন বেশি পাওয়া যায়;
- ডিএপি সার খুব তাড়াতাড়ি পানিতে গলে। ফলে সকল ফসল আবাদেই তা খুবই উপযোগী;
- বিভিন্ন ফসল উৎপাদনে জৈবসার/সবুজসার এবং ডিএপিসহ অন্যান্য রাসায়নিক সার সুখম মাত্রায় প্রয়োগ করে অধিক ফসল উৎপাদন করুন এবং আর্থিকভাবে লাভবান হোন।

প্রচারে :



কৃষি তথ্য সার্ভিস



কৃষি মন্ত্রণালয়